**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ১**

**(ভাষাবিজ্ঞানের ক্রমবিকাশ)**

**বিশেষ পত্র: ভাষাবিজ্ঞান: ইতিহাস, ব্যাকরণ ও প্রয়োগ**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক-১**

১। প্রাচীন ভারতে ভাষাবিজ্ঞান চর্চার ক্ষেত্রে শিক্ষা প্রস্থানের গুরুত্ব আলোচনা করো। ১০

২। পাণিনির 'অষ্টাধ্যায়ী' গ্রন্থটি প্রাচীন ভারতের ব্যাকরণচর্চার একটি মানদণ্ড তৈরি করেছিল। তুমি কি এই মত সমর্থন করবে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ১০

৩। প্রাকৃত ভাষার ব্যাকরণ চর্চার একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১০

**একক-২**

৪। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে গ্রিম-এর (Jacob Grimm) অবদান সম্পর্কে লেখো। ১০

৫। গ্রাসম্যান (Hermann Grassmann) ও ভেরনারের (Karl Verner) ধ্বনিসূত্র উদাহরণসহ আলোচনা করো। ৪+৬=১০

৬। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে নব্যবৈয়াকরণ (Neogrammarian) গোষ্ঠীর ভূমিকার মূল্যায়ন করো। ১০

**একক-৩**

৭। বিশ শতকের ভাষাপ্রস্থানে স্যসুর-এর (Ferdinand de Saussure) গুরুত্ব সম্পর্কে লেখো। ১০

৮। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে সাপির-এর (Edward Sapir) ভূমিকার মূল্যায়ন করো। ১০

৯। আধুনিক ভাষাপ্রস্থানে ব্লুমফিল্ড-এর (Leonard Bloomfield) গুরুত্ব সম্পর্কে লেখো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

(ক) কাত্যায়ন কোন সময়ের বৈয়াকরণিক? তাঁর গ্রন্থটির নাম লেখো।

(খ) 'নিরুক্ত' গ্রন্থে তিন স্তরে তিন ধরনের পাঠ পাওয়া যায়। সেগুলি কী কী?

(গ) রাস্ক-এর (Rasmus Rask) একটি প্রবন্ধের নাম ও প্রকাশকাল লেখো।

(ঘ) কোলিৎস্-এর (Hermann Collitz) সূত্রের দুটি উদাহরণ দাও।

(ঙ) বোয়াস-এর (Franz Boas) সম্পাদিত একটি বইয়ের নাম ও প্রকাশকাল লেখো।

(চ) চমস্কি-র (Noam Chomsky) অন্বয়তত্ত্ব বিষয়ক দুটি বইয়ের নাম লেখো।

বাংলা

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

সেমেস্টার ৪ কোর্স – ২

বিশেষপত্র: ভাষাবিজ্ঞান

বাংলা ব্যাকরণের ইতিহাস, অভিধানতত্ত্ব ও শব্দার্থবিজ্ঞান

সময় ৩ ঘন্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক – ১

১। নাথানিয়াল ব্রাসি হ্যালহেডের এবং উইলিয়াম কেরির বাংলা ব্যাকরণ গ্রন্থের মধ্যে একটা তুলনামূলক আলোচনা করো। । ১০

২। বাংলা ভাষাতত্ত্বের আলোচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০

৩। ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের আলোচনায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান সম্পর্কে তোমার অভিমত দাও। ১০

একক – ২

৪। Semantics-কে শব্দার্থতত্ত্ব বলা কতটা সংগত, আলোচনা করো। ১০

৫। শব্দের অর্থের বিভিন্ন রকমফের বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ১০

৬। স্থান নাম এবং ব্যক্তি নাম থেকে বহু শব্দের উদ্ভব হয়। বাংলায় প্রচলিত এমন কিছু শব্দ সম্পর্কে আলোচনা করো। ১০

একক – ৩

৭। ইংরেজি অভিধানের ইতিহাসে স্যামুয়েল জনসন, ওয়েবস্টার এবং অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসের ভূমিকা আলোচনা করো। ১০

৮। রাজশেখর বসুর 'চলন্তিকা'র গুরুত্ব ও সীমাবদ্ধতা সম্পর্কে আলোচনা করো। ১০

৯। জ্ঞানেন্দ্রমোহন দাসের 'বাঙ্গালা ভাষার অভিধান' গ্রন্থের বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারে আলোচনা করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

ক. রামমোহনের ইংরেজি ভাষায় লেখা বাংলা ব্যাকরণ গ্রন্থের নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়?

খ. 'বাঙ্গলা ব্যাকরণ' ও 'ভাষাবোধ বাংলা ব্যাকরণ' গ্রন্থ দুটির রচয়িতার নাম লেখো।

গ. 'পটোল তোলা' বাগ্‌ধারাটির ব্যুৎপত্তি সংক্ষেপে আলোচনা করো।

ঘ. লক্ষণা বলতে কী বোঝো?

ঙ. হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের অভিধানটির নাম লেখো। এটি কটি খণ্ডে প্রথম প্রকাশিত হয়?

চ. জয়গোপাল তর্কালঙ্কারের অভিধানটির নাম কী? এটি কোন সালে প্রকাশিত হয়?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: ৩

ফলিত ভাষাবিজ্ঞান

বিশেষপত্র: ভাষাবিজ্ঞান: ইতিহাস, ব্যাকরণ ও প্রয়োগ

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর অবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। বাংলা যাদের মাতৃভাষা তাদের জন্য লেখা বাংলা প্রাইমারে ভাষার এককালিক ও বহুকালিক মাত্রার সমন্বয় কীভাবে ঘটানো সম্ভব আলোচনা করো। ১০

২। বাংলা ভাষা শেখাতে গিয়ে প্রমিত বাংলা ও পারিবারিক ক্ষেত্রে ব্যবহৃত বাংলার ভাষা ভেদ এই দুয়ের মধ্যে প্রাথমিক স্তরে প্রথম ভাষা হিসেবে বাংলা শেখানোর সময় কীভাবে সমন্বয় সাধন করা যায়, আলোচনা করো। ১০

৩। একজন বিদেশি, বাংলা যাঁর কাছে বিদেশি ভাষা, তাঁকে বাংলা শেখানোর সময় বাংলা ধ্বনিমালা ও বর্ণমালার মধ্যে যে দূরত্ব সেই সমস্যার সমাধান কীভাবে করা সম্ভব সে বিষয়ে তোমার স্বাধীন অভিমত দাও। ১০

একক — ২

৪। ভাষা সংরক্ষণ ও ভাষা সরণ সম্পর্কে আলোচনা করো। ১০

৫। বর্ণনাত্মক সমাজভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয়গুলি লেখো। ১০

৬। সমাজভাষাবিজ্ঞানে দ্বিভাষিক বা বহুভাষিক অবস্থানে ভাষাসমীক্ষার জন্য কী কী ভাবে ভাষার নমুনা সংগ্রহ করতে হয় তা লেখো। ১০

একক — ৩

৭। বিচ্যুতি কাকে বলে? বিচ্যুতির শ্রেণিভেদগুলি আলোচনা করো? ২+৮=১০

৮। শৈলী আলোচনার লক্ষ্য কী বলে তুমি মনে কর, তা বিস্তারিত লেখো। ১০

৯। সংসক্তি বলতে কী বোঝায়? সংসক্তির শ্রেণিভেদগুলি আলোচনা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। বিদ্যাসাগরের *শব্দ-সংগ্রহ* ও *বর্ণপরিচয়* বই দুটিতে শব্দ সংগ্রহের ক্ষেত্রে মূল পার্থক্য কী?

খ। শাব্দিক সমান্তরতা কাকে বলে? একটি উদাহরণ দাও।

গ। পূর্ণ শব্দে লেখো - PCOB

ঘ। প্রমুখন কাকে বলে?

ঙ। হরিচরণ বন্দ্যোপাধ্যায় কৃত শৈলী শব্দের অভিধানিক অর্থ কি?

চ। সংহতি কাকে বলে?